



গ্রামীণ কৃষি মৌসম সেবা  
ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ  
বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়  
মোহনপুর, জেলা- নদিয়া, পশ্চিমবঙ্গ



## কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 12-04-2024

পশ্চিম বর্ধমান(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2024-04-12 ( পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2024-04-13	2024-04-14	2024-04-15	2024-04-16	2024-04-17
বৃষ্টিপাত (মি:মি:)	0.0	1.0	0.0	0.0	1.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	35.0	36.0	37.0	38.0	38.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	23.0	23.0	25.0	25.0	26.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	30	28	34	34	22
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	12	14	14	16	14
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	11	8	10	12	11
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	236	289	210	270	292
মেঘের অবস্থা (ওকটা)	6	6	4	2	4

### আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

\*আগামী কয়েকদিন বৃষ্টিহীন থাকার সম্ভাবনা আছে। \* আগামী কয়েকদিন আকাশ পরিষ্কার থেকে আংশিক মেঘলা থাকার সম্ভাবনা রয়েছে। \* আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক 22 % to 34% থাকার সম্ভাবনা রয়েছে। \* সর্বোচ্চ তাপমাত্রা 35.0-38.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে। \* সর্বনিম্ন তাপমাত্রা 23.0-26.0 ডিগ্রি সেলসিয়াসের আশে পাশে থাকবে বলে আশা করা হচ্ছে।

### সাধারণ পরামর্শাবলী::

মেঘদূত ওয়েদার অ্যাপকে স্মার্ট ফোনে প্লে স্টোর থেকে ডাউন লোড করে নিন এর মাধ্যমে আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি ভিত্তিক পরামর্শ দর্শ ওয়া হয়, আপনারা পরামর্শ এর জন্য এই মোবাইল এপ্লিকেশন টি ব্যবহার করুন।

### বার্তামূলক পরামর্শ:

আগামী কয়েকদিন বৃষ্টির সম্ভাবনা নেই; স্প্রেয়িং, সারপ্রয়োগ, পরিণত ফসল কাটার কাজ করতে পারেন।

### ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পাশকাঠি দশা / পুষ্পমঞ্জুরী বিন্যাস পর্যায় : যারা চারা তৈরি করে মূল জমিতে রোয়া করে দিয়েছেন তাদের এখন সুসংহত উপায়ে আগাছা নিয়ন্ত্রন , রোগপোকা দমন , সঠিক সময়ে ও মাত্রায় সার প্রয়োগের বিষয়টি মাথায় রাখতে হবে। রোয়ার ১৫ দিন পর ( চারার বয়স ৩ সপ্তাহ ) প্রথম চাপান ও চারার বয়স ৬ সপ্তাহ হলে দ্বিতীয় চাপান দেবেন। মাটি পরীক্ষার ভিত্তিতে অনুখাদ্য দিলে ফলাফল ভালো হতে পারে। জিঙ্ক অনুখাদ্যের অভাব মেটাতে একর প্রতি ১০ কেজি জিঙ্ক

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
	সালফেট মূল সার বা প্রথম চাপানের সাথে দিতে হবে অথবা রোয়ার ১ মাস ও ১.৫ মাস পর প্রতি লিটার জলে .৫ গ্রাম চিলেটেড জিঙ্ক গুলে স্প্রে করা যায়। বোরন অনুখাদ্যের অভাব হলে ১-২ কেজি বোরক্স প্রতি হেক্টর জমিতে প্রয়োগ করতে হবে। চারা রোয়ার পর থেকে ধান কাটার ১০-১৫ দিন আগে পর্যন্ত ২.৫ সেমি জল ধরে রাখুন। আগাছা দমনের জন্য রোয়ার ৩-৪ দিন বাদে প্রেটিলাক্লোর স্প্রে করতে হবে। রোয়ার ১০ দিন ও ২০ দিন বাদে আগাছা দমন করুন।
পাট	পাট চাষের জন্য উন্নত বীজ এখন থেকে সংগ্রহ করুন। জমির মাটি খুব বুরবুরে তৈরি করা দরকার। জমি তৈরির সময়ে ২ কেজি অ্যাজোটোব্যাকটর ও পি. এস. বি. মিশ্রণ ১০ কুইন্টাল প্রতি একর জৈব সারের সাথে মিশিয়ে প্রয়োগ করুন। বীজের হার তিতা পাটের জন্য সারিতে বুনলে ২.৪ কেজি ও মিঠা পাট ১.৬ কেজি বীজ লাগে। বীজ বোনার যন্ত্রে বুনলে ২ কেজি তিতা পাটের ও ১.৫ কেজি মিঠা পাটের বীজ লাগে। বীজ বোনার দূরত্ব তিতা পাটের জন্য ২৫ সেমি X ৫ সেমি ও মিঠা পাটের জন্য ২০ সেমি X ৫ সেমি রাখুন।